সংবাদ

তারিখ 22 JAN 2003
পৃষ্ঠা ১২ কলাম ২

প্রতিবছর প্রশিক্ষণ পাবে ৩শ' ৫০ জন শিক্ষার্থী

৭টি শিক্ষা প্রতিষ্ঠানে সিসকো নেটওয়ার্কিং অ্যাকাডেমি হবে

নিজস্ব বার্তা পরিবেশক ঃ একুশ শতকে উন্নয়নের ভিত্তি হবে শিক্ষা এবং ইন্টারনেট। এজন্য কার্যকর ইন্টারনেট নেটওয়ার্ক স্থাপন আর নেটওয়ার্ক পরিচালনায় প্রশিক্ষিত দক্ষ জনশক্তি গড়ে তোলার প্রয়াসে বিশ্বের শীর্ষ নেটওয়ার্কিং সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠান সিসকোর সহযোগিতায় ৭টি নেটওয়ার্কিং অ্যাকাডেমি স্থাপিত হবে বাংলাদেশ।

সোমবার স্থানীয় একটি হোটেলে আয়োজিত সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেন সিসকো ইন্ডিয়া ও সার্ক আঞ্চলিক প্রেসিডেন্ট মনোজ চুঘ। অনুষ্ঠানে তিনি সিসকোর বিশ্বব্যাপী কার্যক্রম এবং বাংলাদেশের সম্ভাবনাময় তথ্য-প্রযুক্তি ও যোগাযোগ সেক্টরে সিসকোর কর্মপরিকল্পনার বিভিন্ন দিক ব্যাখ্যা করেন।

মনোজ চুঘ জানান, আহসানউল্লাহ ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি, বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজি (বিআইটি) চট্টগ্রাম, বিআইটি ঢাকা, বিআইটি খুলনা, বিআইটি রাজশাহী, ব্র্যাক ইউনিভার্সিটি ও সিলেটের শাহজালাল ইউনিভার্সিটিকে সিসকো নেটওয়ার্কের অ্যাকাডেমি ঘোষণা করা হয়েছে। এ সাতটি প্রতিষ্ঠান প্রতিবছর ৩শ' ৫০ জন শিক্ষার্থীকে নেটওয়ার্কিং প্রশিক্ষণ দেবে। গত বছর বাংলাদেশ ইউনিভার্সিটি অফ ইঞ্জিনিয়ারিং

সিসকো ঃ পৃঃ ২ কঃ ৭

সিসকো ঃ অ্যাকাডেমি

(১২ পৃষ্ঠার পর)

অ্যান্ড টেকনোলজি (বুয়েট)-এ প্রথম সিসকো নেটওয়ার্কিং অ্যাকাডেমি স্থাপন করা হয়।

সিসকো নেটওয়ার্কিং অ্যাকাডেমিগুলোতে শিক্ষার্থীদের সিসকো কারিকুলাম অনুসরণ করে সর্বশেষ সংস্করণের নেটওয়ার্কিং প্রযুক্তি দিয়ে হাতে-কলমে প্রশিক্ষণের মাধ্যমে গড়ে তোলা হবে দক্ষ নেটওয়ার্ক প্রফেশনাল হিসেবে।

সিসকো রিজিওনাল প্রেসিডেন্ট জানান, ইতোমধ্যে বাংলাদেশে ২টি প্রতিষ্ঠান সিসকো প্রোডাক্ট, সার্ভিস ডিস্ট্রিবিউটর ও ৭০টি প্রতিষ্ঠান সিসকো বিজনেস পার্টনার হিসেবে নিযুক্ত হয়েছে। এদের মাধ্যমে সরকারি সংস্থা, এনজিও, শিক্ষা প্রতিষ্ঠান, ব্যাংক, আইএসপিসহ বিভিন্ন প্রতিষ্ঠানে প্রোডাক্ট সার্ভিস সরবরাহ হচ্ছে এবং নেটওয়ার্ক প্রকল্প বাস্তবায়িত হচ্ছে।

সোমবারের সংবাদ সম্মেলনে বাণিজ্য ও শিল্প প্রতিষ্ঠানের জন্য সিসকোর সমন্বিত নেটওয়ার্কিং প্যাকেজ এন্টারপ্রাইজ-২০০৩ উদ্বোধন করা হয়। আজ থেকে হোটেল শেরাটনে এন্টারপ্রাইজ-২০০৩-এর দু'দিনব্যাপী এক প্রদর্শনী অনুষ্ঠিত হবে।

বিশ্বে শীর্ষ নেটওয়ার্কিং কোম্পানি সিসকোর কার্যক্রম ৬৭টি দেশে বিস্তৃত। এর কর্মী সংখ্যা ৩৫ হাজার। ২০০২ অর্থবছরে সিসকো রেভিনিউ অর্জিত হয় প্রায় ১৯ বিলিয়ন মার্কিন ডলার। নেটওয়ার্কিং প্রোডাক্টের বিশ্ব বাজারে রুটারের ক্ষেত্রে সিসকোর মার্কেট শেয়ার শতকরা ৮৫ ভাগ এবং ল্যান সুইচিং প্রোডাক্টের ক্ষেত্রে ৬৯ ভাগ মার্কেট শেয়ার সিসকোর দখলে।